গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-১৯৫

**রাজশাহীতে ২ মণ ভেজাল গুড় জব্দ, জরিমানা ষাট হাজার**

রাজশাহী; ৭ মাঘ (২১ জানুয়ারি):

বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) এর রাজশাহীর বিভাগীয় কার্যালয় আজ ( ২১ জানুয়ারি) সকালে রাজশাহী চারঘাটে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করে। এতে বিএসটিআই'র গুণগত মানসনদগ্রহণ না করে অস্বাস্থ্যকর পরিবেশে 'বিস্কুট, পাউরুটি ও কেক' উৎপাদন ও বিক্রি-বিতরণ করায় রায়পুর এলাকার 'মেসার্স মায়ের দোয়া বেকারি' প্রতিষ্ঠানকে ১০ হাজার টাকা জরিমানা এবং উৎপাদনে ব্যবহৃত নিষিদ্ধ রং ও কেমিক্যাল জব্দ করেছে।

এছাড়া অত্যন্ত অস্বাস্থ্যকর পরিবেশে চিনি, ডালডা, চুন ও নন-ফুডগ্রেড রং মিশিয়ে ভেজাল গুড় উৎপাদন করায় পিরোজপুর এলাকায় অবস্থিত 'রাসেল গুড় ফ্যাক্টরি'কে ৫০ হাজার টাকা জরিমানা এবং প্রায় দুই মণ ভেজাল গুড় জব্দপূর্বক ধ্বংস করেছে।

রাজশাহী চারঘাট উপজেলার নির্বাহী ম্যাজিস্ট্রেট ও সহকারী কমিশনার (ভূমি) মো. রাহাতুল করিম মিজান এর নেতৃত্বে পরিচালিত মোবাইল কোর্টে প্রসিকিউটর হিসেবে দায়িত্ব পালন করেন বিএসটিআই রাজশাহীর বিভাগীয় অফিস এর সার্টিফিকেশন মার্কস উইং কর্মকর্তা প্রকৌশলী জুনায়েদ আহমেদ।

.......................................................................................
আলীম/তৌহিদ/আতিক/২০২৬/১৬:০০ঘ.